

২৪ ঘন্টা প্রস্রাব সংগ্রহকরণ পদ্ধতি

পেডিয়াট্রিক নেফ্রোলজি ইউনিট, মেডিক্যাল কলেজ, কলকাতা

কেন করা হয়?

২৪ ঘন্টা প্রস্রাব সংগ্রহকরণ একটি সহজ ল্যাবরেটরি পরীক্ষা যা প্রস্রাবের বিভিন্ন উপাদানকে পরিমাপ করতে সাহায্য করে। এই পরিষ্করণ পদ্ধতি কিডনির(বৃক্ক)বিভিন্ন ক্রিয়াকলাপের পরীক্ষায় সাহায্য করে। এই পদ্ধতিতে প্রস্রাবকে একটি পাত্রে ২৪ ঘন্টা ধরে জমা করা হয়। পাত্রটিকে ল্যাবরেটরিতে আনার আগে ঠান্ডা জায়গায় রাখতে হয়। কখনও কখনও পরপর তিন-চার দিনের ধারাবাহিক প্রস্রাব পরীক্ষার দরকার পড়ে।

কি করে ২৪ ঘন্টার প্রস্রাব সংগ্রহ করা হয়?

প্রস্রাবের প্রতিটি ফোঁটা ২৪ ঘন্টা ধরে প্রতিবার সংগ্রহ করতে হবে তা সে যত কমই হোক না কেন।

প্রস্রাব-ধারণে সক্ষম যারাঃ ল্যাব থেকে পাওয়া একটি বড় পাত্র প্রস্রাব সংগ্রহের জন্যে এবং একটি ছোট পাত্র প্রস্রাব করার জন্যে থাকতে হবে। প্রস্রাব সংগ্রহের সময় ২৪ ঘন্টা বাড়িতে থাকা সুবিধাজনক। সকালের প্রথম প্রস্রাব বাদ দিয়ে বাকি সমস্ত দিনের ও রাতের প্রস্রাব এবং পরের দিনের সকালের প্রস্রাবও সংগ্রহ করতে হবে।

সকালের প্রস্রাব হয়ে গেলে তার পর থেকে সংগ্রহকরণ শুরু করতে হবে। উদাহরণ স্বরূপ, সকাল ৭:১৫ তে প্রথম প্রস্রাব বাইরে ফেলে দিতে হবে। সকালের প্রথম প্রস্রাব সংগ্রহ করা চলবে না।

প্রস্রাবের প্রতিটি ফোঁটা ছোট পাত্রে দিনে ও রাত্রে সংগ্রহ করে বড় পাত্রে ঢালতে হবে। বড় পাত্রটি ঠান্ডা ঘরে অথবা ফ্রিজে রাখতে হবে। মলত্যাগের সময়েও প্রস্রাব সংগ্রহ করতে হবে। পাত্রে মল মেশা চলবে না। পরের দিন সকালের প্রথম প্রস্রাবটি ধরে সংগ্রহ প্রক্রিয়া শেষ করতে হবে। উদাহরণ স্বরূপ, আগের দিনে ৭:১৫ তে প্রথম প্রস্রাব (যা ফেলে দেওয়া হয়েছে) করলে পরের দিন ৭:০০ টা থেকে ৭:৩০র মধ্যে প্রস্রাব করতে হবে। যদি তার ঘন্টাখানেক আগে প্রস্রাব হয় তাহলে বেশি করে জল খেয়ে পুনরায় ৭:০০ টায় প্রস্রাব করতে হবে। সংগ্রহ করার শেষ সময়টি ডায়রিতে লিখে রাখতে হবে।

প্রস্রাব ধারণে অক্ষম যারাঃ এই বাচ্চাদের প্রস্রাবের নল বা ক্যাথেটার পরানোর প্রয়োজন। ক্যাথেটার পরানোর সময় প্রথম প্রস্রাব সংগ্রহ করতে হবে না। ১-২ ঘন্টা ছাড়া প্রস্রাব বড় পাত্রে ধরে ফ্রিজে রাখতে হবে।

সংগৃহীত প্রস্রাব ল্যাবে পাঠানোর পদ্ধতি

সংগ্রহ শেষ হওয়ার পরে যত দ্রুত সম্ভব প্রস্রাবের পাত্রটি ল্যাবে পাঠাতে হবে। নচেৎ, বড় পাত্রটি ঠান্ডা ঘরে বা ফ্রিজে একদিন পর্যন্ত রাখা যাবে।

এই পদ্ধতির ঝুঁকি

এটি একটি সহজ ও নিরাপদ পদ্ধতি। প্রত্যেকে বাড়িতে সহজেই প্রস্রাব সংগ্রহ করতে পারবে। ক্যাথেটারের মাধ্যমে সংগ্রহের সময় প্রস্রাবের ইনফেকশনের সামান্য সম্ভাবনা থাকতে পারে।

রিপোর্টে ত্রুটি হওয়ার কারণ

- ধারাবাহিক প্রস্রাব সংগ্রহণ ব্যাহত হলে (বিশেষতঃ মলত্যাগের সময় প্রস্রাব সংগ্রহে ভুল হলে)।
- ২৪ ঘন্টার বেশী সময় ধরে প্রস্রাব সংগ্রহ করলে (প্রথম দিনের প্রথম প্রস্রাব ভুলবশতঃ সংগ্রহ করলে)।
- পাত্র থেকে প্রস্রাব উপচে গেলে।
- বড় পাত্রটি ঠান্ডাতে না রাখলে।

